# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯০৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. তৃতীয় অনুচ্ছেদ - সিজদা্ ও তার মর্যাদা

## আরবী

وَعَن طلق بن عَليّ الْحَنَفِيّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَنْظُرُ اللَّهُ عَزَّ وَجَلَّ إِلَى صَلَاةِ عَبْدٍ لَا يُقِيمُ فِيهَا صُلْبَهُ بَيْنَ ركوعها وسجودها» . رَوَاهُ أَحْمد

## বাংলা

৯০৪-[১৮] ত্বালক্ব ইবনু ’আলী আল হানাফী (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ সে বান্দার সালাতের প্রতি সুদৃষ্টি দেন না, যে বান্দা সালাতের রুকূ’ ও সাজদায় তার পিঠ সোজা রাখে না। (আহমাদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আহমাদ ১৫৮৪৮, সহীহ আত্ তারগীব ৫২৭।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (خُشُوْعِهَا) দ্বারা উদ্দেশ্য রুকূ' আর রুকূ‘কে খুশু' বলার উদ্দেশ্য হলো এটা বিনয় ও নম্রতা প্রকাশকারীর অবস্থা বা চিত্র।

হাদীসে আরো এসেছে, ‘‘আল্লাহ তা‘আলা সেই বান্দার সালাতের প্রতি ভ্রূক্ষেপ করেন না যে রুকূ, সাজদার মাঝে পিঠ সোজা করে না।

হাদীসটি রুকূ‘তে ধীরস্থিরতা যে ওয়াজিব তা প্রমাণ করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55463

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন